

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.০৩.০০১.২১.২৯৬

তারিখ: ৫ চৈত্র ১৪২৯

১৯ মার্চ ২০২৩

বিষয়: মাঠ প্রশাসনের কর্মকর্তাগণের জন্য কতিপয় নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে মাঠ প্রশাসনের কার্যক্রমকে আরো গতিশীল এবং জনমুখী করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলোঃ

- ১। জেলাপ্রশাসক সম্মেলন ২০২৩-এ মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত ২৫ দফা দিক-নির্দেশনা মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট দপ্তরের সাথে সমন্বয় করে বাস্তবায়ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণ করতে হবে;
- ২। পর্যাপ্ত মজুদ এবং সরবরাহ থাকা সত্ত্বেও কেউ যেন মজুদ করে পণ্যমূল্য বাড়ানোর অপচেষ্টা করতে না পারে সে বিষয়ে কার্যকর পদক্ষেপ নিতে হবে;
- ৩। মোবাইল কোর্টের মাধ্যমে দ্রুত ব্যবসায়ীদের যেন অহেতুক সমস্যা না হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে;
- ৪। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে;
- ৫। ই-মিউটেশন সিস্টেমে মিউটেশনের আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে;
- ৬। বিভিন্ন অফিস যথাযথভাবে পরিদর্শন করতে হবে এবং পরিদর্শনের সময় কনিষ্ঠ সহকর্মীদের সাথে নিতে হবে;
- ৭। জেলায় চলমান উন্নয়ন প্রকল্পের বিস্তারিত তথ্য (বাজেটসহ) এবং বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্য সংরক্ষণ করতে হবে;
- ৮। স্ব স্ব কর্মক্ষেত্রের সামাজিক নিরাপত্তা কর্মসূচির সকল তথ্য (উপকারভোগীর সংখ্যা, বাজেট ইত্যাদি) সংরক্ষণ করতে হবে;
- ৯। সাম্প্রতিক সময়ে সংঘটিত অগ্নিকাণ্ডসহ বিভিন্ন দুর্ঘটনার বিষয়ে স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তিবর্গ, সংশ্লিষ্ট পেশাজীবীগণ এবং সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে জনগণকে সচেতন করতে হবে;
- ১০। আসন্ন রমজান মাসে যথাযথভাবে বাজার মনিটরিং করতে হবে;
- ১১। সেচের জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহের বিষয়টি কৃষি বিভাগের সাথে সমন্বয় করে মনিটরিং করতে হবে;
- ১২। গুজব সৃষ্টি এবং অপপ্রচারের বিষয়ে সতর্ক থাকতে হবে এবং জনগণকে সচেতন করতে হবে;
- ১৩। কনিষ্ঠ কর্মকর্তাদের প্রশিক্ষণসহ সকল কার্যক্রম যথাযথভাবে তদারকি করতে হবে।

১৯-৩-২০২৩

মোহাম্মদ খোরশেদ আলম খান

উপসচিব

ফোন: ০২২২৩৩৮১১০৭

ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩

ইমেইল: faco_sec@cabinet.gov.bd

বিতরণ :

- ১) বিভাগীয় কমিশনার (সকল)
- ২) জেলা প্রশাসক (সকল)
- ৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)



স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০০৭.২৭.০২৪.২৩.২৫০

তারিখ: ৯ চৈত্র ১৪২৯

২৩ মার্চ ২০২৩

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখার ১৯ মার্চ ২০২৩ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.০৩.০০১.২১.২৯৬ নম্বর স্মারকপত্রে জারিকৃত মাঠ প্রশাসনের কর্মকর্তাগণের জন্য কতিপয় নির্দেশনা সংক্রান্ত পত্র নির্দেশক্রমে এসাথে পৃষ্ঠাঙ্কন করা হলোঃ

২৩-৩-২০২৩

দীনেশ সরকার

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

ফোন: ০২৫৮৯৯০০০২২

ইমেইল: dcbogra.adcg@gmail.com

- ১) উপপরিচালক (ভারপ্রাপ্ত) (উপসচিব), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
- ২) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) (উপসচিব), বগুড়া
- ৩) অঃজেঃপ্রঃ(সাঃ/উন্নয়ন ও মাঃসঃ ব্যঃ)/ অঃজেঃপ্রঃ(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অঃজেঃম্যাঃ, বগুড়া
- ৪) উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), বগুড়া
- ৫) রেভিনিউ ডেপুটি কালেক্টর/ নেজারত ডেপুটি কালেক্টর/ জেনারেল সার্টিফিকেট অফিসার/ ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
- ৬) সহকারী কমিশনার(ভূমি),.....(সকল), বগুড়া
- ৭) সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
- ৮) সহকারী কমিশনার,..... শাখা(সকল), জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
- ৯) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া(জেলা তথ্য বাতায়নে প্রকাশের অনুরোধসহ)
- ১০) সহকারী কমিশনার(গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)